

ইস্টার্ন ডাবল

তারিখ *** ** ** ** **
পৃষ্ঠা ৩৩ কলাম ১৬

NOV. 29 2002

কৃষি বিশ্ববিদ্যালয়ে ২ শিক্ষক লাঞ্চিত

ময়মনসিংহ থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অ্যাকোয়া কালচার বিভাগের ২ জন শিক্ষককে ছাত্রদল নামধারী কিছু বিশৃঙ্খল ছাত্র লাঞ্চিত করে। এ ঘটনায় বাংলাদেশ শিক্ষক পরিষদ (নীল দল) তীব্র ক্ষোভ ও নিন্দা জানিয়েছেন।

২৬শে নভেম্বর দুপুর ১টায় ১৫/২০ জন উচ্ছৃঙ্খল ছাত্র অ্যাকোয়া কালচার বিভাগের শিক্ষক মোহাম্মদ সাজ্জাদ হোসেন ও প্রফেসর ড. মো. আহসান বিন হাবিবকে লাঞ্চিত করে। তারা ছাত্রদলের সভাপতি, সাধারণ সম্পাদক ও নেতা-কর্মী বলে পরিচয় দেয়। তারা অফিসে এক পর্যায়ে বইপত্র ছুড়ে মারে এবং জবিস্যতে শিক্ষকদের দেখে নেবে বলে প্রাণনাশের হুমকি দেয়। বিশ্ববিদ্যালয়ের বাংলাদেশ শিক্ষক সমিতির (নীল দল) সভাপতি প্রফেসর ড. মো. শহীদুল হক ও সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ শামসুদ্দিন যৌথ বিবৃতিতে ঘটনার নিন্দা জানান।